

ADD
মন্ত্রিসভা
সিদ্ধান্ত
ক্যা (২) ক্র

স্মারক নং	৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.১৯-৮৭
তারিখ	২১ জুন ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	তারিখ	২১ জুলাই ২০২৬
স্মারক নং	৫৭১	
তারিখ	০৭/৭/২৬	

বিষয়: সকল মহানগরসহ দেশের গ্রামীণ জনপদে খেলার মাঠের সুব্যবস্থাকরণের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।
সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নম্বর ৩৪.০০.০০০০.০০০.০৭১.৯৯.০০০১.২১.৫৭৩; তারিখ: ২১ জুন ২০২৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল মহানগরসহ দেশের গ্রামীণ জনপদে খেলার মাঠের সুব্যবস্থাকরণের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

সিদ্ধান্ত নং-২:

- এ বিভাগের অব্যবহৃত জমি থাকলে তা NSC এর ডিজাইন অনুসরণপূর্বক খেলার মাঠে রূপান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- এ বিভাগের আওতাধীন খেলার মাঠ তৈরির উপযোগী জমির তথ্য (পরিমাণ, ভূমিসলি ও মৌজা ম্যাপে অবস্থান চিহ্নিত করে) ৩০ শে জুন ২০২৬ তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- এ বিভাগ ও আওতাধীন সংস্থার অধীন ব্যবহৃত মাঠগুলো প্রযোজ্য ক্ষেত্রে MoU এর মাধ্যমে প্রয়োজনীয় সংস্কার ও ক্রীড়ার জন্য ব্যবহার উপযোগী করা হবে।

সিদ্ধান্ত নং-৪: খেলায় উদ্বুদ্ধ করতে শুধুমাত্র মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। এমতাবস্থায়, সরকারের নির্বাচনী ইশতেহারে ক্রীড়া উন্নয়নে প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে দেশে পর্যাপ্ত ক্রীড়া অবকাঠামো নিশ্চিত করার মাধ্যমে একটি ক্রীড়াবাহক ও সুস্থ জাতি গঠনে এ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যবিবরণী।

তারিখ: ২১ জুলাই ২০২৬
ত. মো: মনিরুল ইসলাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০৪.২৬-০২

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৬ খ্রি.

উপর্যুক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ পৃষ্ঠা।

অধ্যক্ষ/সুপার/ এবতেদায়ী প্রধান(সকল সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা)

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩
জি এম শামছুল আলম
উপ-পরিচালক (প্রশিক্ষণ)
(অতিরিক্ত দায়িত্ব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

- ১। জেলা শিক্ষা অফিসার... (সকল)
 - ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)
- সদয় অনুলিপি:

তার আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করার অনুরোধসহ।